24

তারিখ 05 NOV 1994
পৃষ্ঠা ৫ কলাম ২

আজকের কাগজ

# শিক্ষকের অভাবে বান্দরবানের বেশ কয়েকটি প্রাথমিক বিদ্যালয় বন্ধের উপক্রম

**বান্দরবান প্রতিনিধি :** বান্দরবান পার্বত্য জেলার প্রাথমিক বিদ্যালয়সমূহে বিশেষ করে থানচি, রুমা, রোয়াংছড়ি ও আলী কদম থানাসমূহের প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক স্বল্পতার কারণে গুটিকয়েক বাদে প্রায় সবক'টি প্রাথমিক বিদ্যালয় বন্ধ রয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করে জানা যায়, থানচি, রুমা, রোয়াংছড়ি ও আলী কদমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা যথাক্রমে ১৪টি, ৩৭টি, ২৪টি ও ১৪টি এবং শিক্ষক সংখ্যা থানচির ১৪টি বিদ্যালয়ে ৮ জন, রুমা'র ৩৭টিতে ৪৮ জন, রোয়াংছড়ির ২৪টিতে ৪১ জন, আলী কদমে ১৪টিতে ২৫ জন। বান্দরবান পার্বত্য জেলার ৭টি থানায় মোট সরকারি প্রাথমিক বিদ্যালয় ২১৯টি, কর্তব্যরত শিক্ষক ৪৪৩ জন। বন্ধ ঘোষিত ১২টি প্রাথমিক বিদ্যালয় সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করা হলে কর্তব্যরত কর্মকর্তা জানান, শিক্ষক স্বল্পতার কারণে কয়েকটি বিদ্যালয় বন্ধ রয়েছে। কিন্তু কোন বিদ্যালয় একেবারে বন্ধ ঘোষণা করা হয়নি। স্থানীয় সরকার পরিষদের আওতায় ইতিমধ্যে শিক্ষক নিয়োগ করা হলে সবক'টি বিদ্যালয় চালু করা হবে বলে তিনি জানান। তিনি আরো জানান, দুর্গম পার্বত্য এলাকার পশ্চাৎপদ ও প্রতিকূল পরিবেশে কর্তব্যরত শিক্ষকদের বিদ্যালয়ে গরহাজিরের অন্যতম কারণ। স্থানীয় সরকার পরিষদের আওতায় শিক্ষক নিয়োগের জন্যে গত ১ এপ্রিল লিখিত পরীক্ষা নেয়ার ৭ মাস পার হয়ে গেলেও এখনও নিয়োগপত্র দেয়া হয়নি। অথচ রাঙ্গামাটি ও খাগড়াছড়ি স্থানীয় সরকার পরিষদে কয়েক দফা নিয়োগ সম্পন্ন হয়েছে। এ অবস্থায় বান্দরবানের প্রাথমিক বিদ্যালয়গুলোর শিক্ষক সমস্যা কি অবস্থা দাঁড়িয়েছে সহজে অনুমেয়।